

💵 নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

আনু في الصلوات রাসূল (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) ছালাতে যা পাঠ করতেন।

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ছালাতে যে সব আয়াত ও সূরাসমূহ পাঠ করতেন তা পাঁচ ওয়াক্ত ছালাত ও অন্যান্য ছালাত ভেদে বিভিন্ন রকমের হত। এখানে পাঁচ ওয়াক্তের প্রথম ছালাত থেকে শুরু করে পর্যায়ক্রমে বিশদ আলোচনা করা হলো।

ر ملاة الفجر) ফজরের ছালাত

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) طوال المفصل দীর্ঘ বিস্তীর্ণ[1] সূরাগুলো পাঠ করতেন[2] কখনো সূরা ওয়াকি'আহ (৫৬ : ৯৬) ও এ ধরনের অন্য সূরা উভয় রাকাআতে পাঠ করতেন।[3] তিনি বিদায় হাজের সময় সূরা তূর থেকে (৫২ : ৪৯) পাঠ করেছিলেন।[4]

"তিনি কখনো "ক্লা-ফ' ওয়াল কুরআ-নিল মাজীদ।" (৫০ : ৪৫) এবং এ ধরনের অন্য সূরা প্রথম রাকাআতে পাঠ করতেন।[5]

আবার কখনো إِذَا رَبُولِ कािजिमिर्च সূরা যেমন إِذَا الشَّمْسُ كُوِّرَتْ (৮১ : ১৫) পাঠ করতেন।[6]
একদা তিনি উভয় রাক'আতেই إِذَا رُبُولِ (৯৯ : ৮) পাঠ করেন। এমনকি বর্ণনাকারী বলেনঃ আমি বুঝতে
পারলাম না যে, রাস্লুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এমনটি কি ভুলক্রমে করলেন নাকি স্বেচ্ছায়
করলেন।[7] একবার সফরাবস্থায় তিনি قُلُ أُعُوذُ بِرَبِّ الْفَلَقِ পাঠ
করেন[8] এবং উকবা বিন আ-মির (রাযিয়াল্লাহু আনহু)-কে বলেনঃ তুমি ছালাতে সূরা নাস ও সূরা ফালাক পাঠ
করবে। [কেননা এ দ'টির মাধ্যমে আশ্রয় প্রার্থনাকারীর তুলনা নাই][9]

কোন সময় তিনি এতদাপেক্ষা বেশী পাঠ করতেন, ষাট কিংবা তার উর্ধে আয়াত পাঠ করতেন।[10] এর কোন বর্ণনাকারী বলেনঃ আমি জানি না (ষাট আয়াত) এক রাকাআতে পড়তেন না দুই রাকআতে। তিনি সূরা রুম' (৩০ : ৬০) পাঠ করতেন।[11] আবার কখনো সূরা "ইয়াসীন" (৩৬ : ৮৩) পাঠ করতেন।[12] এক সময় তিনি মক্কায় থাকাকালীন অবস্থায় ফজরের ছালাতে সূরা "আল মু'মিনুন' পাঠ করতে শুরু করেন, পরিশেষে যখন মূসা ও হারুন অথবা ঈসা[13] (কোন বর্ণনাকারীর সন্দেহ হয়েছে) এর উল্লেখ আসল তখন তাঁকে কাশি পেয়ে বসল। ফলে তিনি রুকৃতে চলে গেলেন।[14]

কখনো তিনি "আছ-ছাফফাত" (৭৭: ১৮২) দ্বারা ছাহাবাদেরকে ছালাত পড়াতেন।[15] তিনি জুমুআর দিনের ফজর ছালাতে প্রথম রাকাআতে আলিফ লা-ম মীম তানিযিলুস সাজদাহ (৩২: ৩০) ও দ্বিতীয় রাক'আতে "হাল আত-আলাল ইনসান" (৭৬: ৩১) পাঠ করতেন।[16] তিনি প্রথম রাকাআত দীর্ঘ করতেন এবং দ্বিতীয় রাকাআত



সংক্ষিপ্ত করতেন।[17]

ফুটনোট

- [1] বিশুদ্ধ উক্তি অনুযায়ী সেগুলো হচ্ছে- সূরা 'কা-ফ' থেকে নিয়ে সাতটি সূরার নাম যেমন পূর্বে উল্লেখ হয়েছে।
- [2] ছহীহ সনদে নাসাঈ ও আহমাদ।
- [3] আহমাদ, ইবনু খুয়াইমা (১/৬৯/১) হাকিম এবং তিনি একে ছহীহ বলেছেন ও যাহাবী এতে ঐকমত্য পোষণ করেছেন।
- [4] বুখারী ও মুসলিম।
- [5] মুসলিম ও তিরমিয়ী, এটি ও তার সাথে পরবর্তী হাদীছটি "আল ইরওয়া" গ্রন্থে উদ্ধৃত হয়েছে। (৩৪৫)
- [6] মুসলিম ও আবু দাউদ।
- [7] ছহীহ সনদে আবু দাউদ ও বাইহাকী, স্পষ্টতঃ যা বুঝা যায় তা এই যে, রাসূল ছাল্লাল্লাল্ আলাইহি ওয়া সাল্লামের এ কাজটি ইচ্ছাকৃতই ছিল-বিধান প্রবর্তনের লক্ষেয়।
- [8] আবু দাউদ, ইবনু খুযাইমাহ (১/৬৯/২) ইবনু বিশারান "আল-আমালী" তে ও ইবনু আবী শাইবাহ (১২/১৭৬/১), হাকিম একে ছহীহ বলেছেন এবং যাহাবী এতে ঐকমত্য পোষণ করেছেন।
- [9] ছহীহ সনদে আবু দাউদ ও আহমাদ।
- [10] বুখারী ও মুসলিম।
- [11] উত্তম সনদে নাসাঈ, আহমাদ ও বাযযার। এটা হচ্ছে পরবর্তীকালের শেষ সিদ্ধান্ত যা "তামামুল মিন্নাহ" ও অন্যান্য কিতাবে উল্লেখিত বক্তব্যের বিপরীত। বিষয়টি যেন উপলব্ধি করা হয়।
- [12] ছহীহ সনদে আহমাদ।
- [13] मूना (वालाইरिननालाम)-এর উল্লেখ আল্লাহর এই আয়াতে রয়েছেঃ (ثُمَّ أَرْسَلْنَا مُوسَىٰ وَأَخَاهُ هَارُونَ بِآيَاتِنَا) আর ঈনা (वालाইरिन नालाम)-এর উল্লেখ এ থেকে চার আয়াত পরের আয়াতে রয়েছে যা হচ্ছে



وَجَعَلْنَا ابْنَ مَرْيَمَ وَأُمَّهُ آيَةً وَآوَيْنَاهُمَا إِلَىٰ رَبْوَةٍ ذَاتِ قَرَارٍ وَمَعِينٍ))

- 14]] বুখারী মুআল্লাকভাবে (সনদছিন্নভাবে) ও মুসলিম, এটি "ইরওয়া" তে উদ্ধৃত হয়েছে। (৩৯৭)
- [15] আহমাদ, আবু ইয়ালা- উভয়েই স্বীয় মুসনদদ্বয়ে এবং মাকদিসী "আল-মুখতারা" তে।
- [16] বুখারী ও মুসলিম।
- [17] বুখারী ও মুসলিম।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8134

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন